

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৭১

১/ বিবিধ

আরবী

يبيعث الله الأنبياء على الدواب، ويبعث صالحا على ناقته، كما يوافي بالمؤمنين من أصحابه المحشر، ويبعث بابني فاطمة: الحسن والحسين على ناقتين، وعلي بن أبي طالب على ناقتي، وأنا على البراق ويبعث بلالا على ناقة ينادي بالأذان وشاهده، حقا حقا، حتى إذا بلغ " أشهد أن محمدا رسول الله " شهدتها جميع الخلائق من المؤمنين الأولين والآخرين، فقبلت ممن قبلت منه

موضوع

رواه الخطيب في " التاريخ " ( 3 / 140 - 141 ) وعنه ابن عساكر ( 3 / 231 / 1 - 2 ) عن محمد بن عائذ: حدثنا علي بن داود القنطري: حدثنا عبد الله بن صالح: حدثنا يحيى بن أيوب عن ابن جريج عن محمد بن كعب القرظي عن أبي هريرة مرفوعا.

قلت: وهذا إسناد ضعيف وله علل

الأولى: عنعنة ابن جريج، فإنه مدلس

الثانية: ضعف عبد الله بن صالح

الثالثة: جهالة محمد بن عائذ وهو ابن الحسين بن مهدي الخلال وفي ترجمته ساق له الخطيب هذا الحديث ولم يذكر فيها غير ذلك! والحديث أورده ابن الجوزي في " الموضوعات " من طريق الخطيب وقال ( 3 / 246 ) : " موضوع

عبد الله بن صالح كاتب الليث منكر الحديث جدا كان له جار يضع الحديث على شيخ عبد الله، ويكتبه بخط يشبه خط عبد الله ويرميه في داره بين كتبه فيتوهم عبد

الله أنه خطه فيحدث به

وتعقبه السيوطي في " اللآلي " (2 / 446) بأن له طريقا آخر، أخرجه الحاكم في " المستدرک " (3 / 152) من طريق أبي مسلم قائد الأعمش: حدثنا الأعمش عن سهيل بن أبي صالح عن أبيه عن أبي هريرة مرفوعا وقال الحاكم: صحيح على شرط مسلم ". ورده الذهبي فقال: " أبو مسلم لم يخرجوا له، قال البخاري: فيه نظر. وقال غيره: متروك ". وتعقبه أيضا بأن له شواهد من حديث بريدة، وعلي، وأنس. قلت: لكن كلها من رواية الكذابين فلا يستشهد بها، ولا يخرج الحديث عن كونه موضوعا، لاسيما ولوائح الوضع عليه ظاهرة

বাংলা

৭৭১। (কিয়ামত দিবসে) আল্লাহ তা'আলা নবীগণকে চতুস্পদ জন্তুর উপর প্রেরণ করবেন। সালেহ (আঃ)-কে তার উটনীর উপরে করে প্রেরণ করবেন। তার সাথে মুমিনদের দ্বারা হাশরের ময়দানকে পূর্ণ করে দিবেন। ফাতিমার দুই ছেলে হাসান ও হুসাইনকে প্রেরণ করবেন দু' উটনীর উপর এবং আলী (রাঃ)-কে আমার উটনীর উপর। আর আমি থাকবো বুরাকের উপর। বেলালকে একটি উটনীর উপর প্রেরণ করবেন, সে আযান দ্বারা ডাকতে থাকবে তখন সাক্ষ্যদানকারী সত্য সত্য বলে সাক্ষ্য দিবে। অতঃপর যখন "আশ-হাদু আল্লা মুহাম্মাদার রাসূলুল্লাহ" পর্যন্ত পৌছে যাবে তখন প্রথম ও শেষ যুগের সকল সৃষ্টির মুমিনগণ সাক্ষ্য প্রদান করবে। তাদের মধ্য হতে যার সাক্ষ্য গ্রহণযোগ্য তার সাক্ষী গ্রহণ করা হবে।

হাদীছটি জাল।

এটি আল-খাতীব "আত-তারীখ" (৩/১৪০-১৪১) গ্রন্থে এবং ইবনু আসাকির তার থেকে (৩/২৩১/১-২) মুহাম্মাদ ইবনু আয়েয হতে তিনি আলী ইবনু দাউদ আল-কাস্তারী হতে তিনি আব্দুল্লাহ ইবনু সালেহ হতে তিনি ইয়াহইয়া ইবনু আইউব আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ কয়েকটি কারণে এ সনদটি দুর্বলঃ

১। ইবনু জুরায়েজ কর্তৃক আন আন করে বর্ণনাকৃত। তিনি মুদল্লিস।

২। আব্দুল্লাহ ইবনু সালেহ দুর্বল।

৩। মুহাম্মাদ ইবনু আয়েয মাজল্ল। তিনি হচ্ছেন ইবনুল হুসাইন ইবনে মাহদী আল-খাল্লাল।

হাদীছটি ইবনুল জাওয়ী “আল-মাওয়ূ‘আত” (৩/২৪৬) গ্রন্থে আল-খাতীবের সূত্রে উল্লেখ করে বলেছেনঃ এটি বানোয়াট। লাইছের কাতিব আব্দুল্লাহ ইবনু সালাহ নিতান্তই মুনকারুল হাদীছ। তার এক প্রতিবেশী তার শাইখের উপর হাদীছ জাল করতে। অতঃপর তা তার হাত দিয়ে লিখে আব্দুল্লাহর ঘরে তার কিতাবের উপর ফেলে দিত। ফলে আব্দুল্লাহ ধারণা করতেন যে তা তার নিজেরই লিখা, এ ভেবে তিনি তা হাদীছ হিসাবে বর্ণনা করতেন। কারণ সেই প্রতিবেশী আর আব্দুল্লাহর লিখা ছিল একই রূপ।

সুযুতী তার সমালোচনা করে বলেছেনঃ হাদীছটির আরো সূত্র ও শাহেদ রয়েছে। কিন্তু তার একথা গ্রহণযোগ্য নয়। কারণ সেগুলো সবই মিথ্যুকদের বর্ণনা হতে বর্ণিত। সেগুলো হাদীছটিকে জালের ভিতর হতে বের করে আনার মত নয়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71650>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন